রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২৫৮-আইন/২০২২।**—বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন) এর ধারা ৬৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের—

(১) ক্রমিক নং ১১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ১১ক ও ১১খ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ক | সিনিয়র ইঞ্জিনিয়ার (মেটালার্জিক্যাল) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ইঞ্জিনিয়ার (মেটালার্জিক্যাল) পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত দেশি ও বিদেশি জার্নালে অন্যূন ০২ (দুই) টি করিয়া মোট ০৪ (চার) টি গবেষণা প্রকাশনা। |



**মূল্য :** টাকা ৮.০০

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে পিএইচডি ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে এমফিলসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে এমএস বা এমইসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। |
| ১১খ | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক (প্রশাসন) বা সহকারী পরিচালক (অর্থ) বা এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার বা একাউন্টস অফিসার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) কম্পিউটারে Ms Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। ”; |

(২) ক্রমিক নং ১৮ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ১৮ক, ১৮খ ও ১৮গ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ক | ইঞ্জিনিয়ার (মেটালার্জিক্যাল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। |
| ১৮খ | সহকারী পরিচালক (অর্থ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে Ms Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮গ | সহকারী পরিচালক (প্রশাসন) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে Ms Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। |

";

(৩) ক্রমিক নং ১৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ১৯ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫০% পদোন্নতি এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রিসহ সুপারিনটেনডেন্ট বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে Ms Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। |

";

(৪) ক্রমিক নং ২২ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২২ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | | | |
|---|---|---|---|---|
| (২২) | সুপারিনটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ, ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে; এবং<br>(গ) সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমান গ্রহণযোগ্য হইবে না। |

”;

(৫) ক্রমিক নং ২৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৪ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

<table>
<tr>
<td>“ ২৪</td>
<td>কম্পিউটার অপারেটর</td>
<td>অনূর্ধ্ব ৩০ বৎসর</td>
<td>সরাসরি নিয়োগের মাধ্যমে।</td>
<td>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) নিম্নলিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে, যথা :—<br>পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি:
<table>
<tr><th>ক্র: নং</th><th>পরীক্ষা ও বিষয়ের নম্বর</th><th>মোট নম্বর</th><th>সর্বনিম্ন পাস নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td colspan="2">(ক) লিখিত পরীক্ষা</td><td>৯০</td><td rowspan="6">৫০%</td><td rowspan="6">৯০ মিনিট</td></tr>
<tr><td>১।</td><td>বাংলা</td><td>২০</td></tr>
<tr><td>২।</td><td>ইংরেজি</td><td>২০</td></tr>
<tr><td>৩।</td><td>গণিত</td><td>২০</td></tr>
<tr><td>৪।</td><td>কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান</td><td>৩০</td></tr>
<tr><td colspan="2">(খ) মৌখিক পরীক্ষা</td><td>১০</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১০০</td><td></td><td></td></tr>
</table>
(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে;<br>(ঘ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫ টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;<br>(ঙ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;<br>(চ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। ”;</td>
</tr>
</table>

(৬) ক্রমিক নং ২৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ২৫ক ও ২৫খ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| “ ২৫ক | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২৫খ | টেকনিশিয়ান-২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স বিষয়ে অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার Ms Office এ কাজ করিবার দক্ষতা থাকিতে হইবে। ”; |

(৭) ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৬ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | |
|---|---|---|
| “ ২৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। ”। |

কর্তৃপক্ষের আদেশক্রমে

**প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক**

চেয়ারম্যান

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd